# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২১৬) আবু বকর ও উমারের পর উছমান (রাঃ)এর খেলাফতের দলীল কী?

উত্তরঃ উছমান (রাঃ) এর খেলাফতের উপর অনেক দলীল রয়েছে। কতিপয় দলীল আমরা পূর্বে বর্ণনা করেছি। কাব বিন উজরা (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফিতনা সম্পর্কে আলোচনা করলেন এবং বললেন তা খুবই নিকটবর্তী। সেখান দিয়ে এক ব্যক্তি নীচু করে অতিক্রম করল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ এই ব্যক্তি সেদিন হেদায়াতের উপর প্রতিষ্ঠিত থাকবে। কাব বিন আজরা বলেনঃ দ্রুত অগ্রসর হয়ে উছমানের কোমরে ধরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সামনে হাজির করলাম এবং জিজ্ঞেস করলামঃ এই ব্যক্তি? তিনি বললেনঃ হ্যাঁ, এই ব্যক্তি।[1] আয়েশা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(يَا عُثْمَانُ إِنْ وَلَّاكَ اللَّهُ هَذَا الأَمْرَ يَوْمًا فَأَرَادَكَ الْمُنَافِقُونَ أَنْ تَخْلَعَ قَمِيصَكَ الَّذِي قَمَّصَكَ اللَّهُ فَلاَ تَخْلَعْهُ يَقُولُ ذَلِكَ ثَلاَثَ مَرَّاتٍ)

“হে উছমান! আল্লাহ্ তাআলা যদি কোন দিন তোমাকে খেলাফতের দায়িত্ব দান করেন, তখন আল্লাহ্ তোমাকে যে কোর্তা পরিধান করিয়েছেন মুনাফেকরা যদি তা খুলে ফেলার দাবী করে তবে তুমি তা কখনই খুলবে না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কথাটি তিনবার বলেছেন।[2]

সর্বপ্রথম আহলুশ্ শুরা তথা উমার (রাঃ) নির্বাচিত উপদেষ্টা পরিষদ উছমান (রাঃ) জন্য খেলাফতের বায়আত করেছেন। আব্দুর রাহমান বিন আওফ (রাঃ)এর পর আলী (রাঃ) সর্বপ্রথম বায়আত করেন অতঃপর অন্যান্য সাহাবীগণ বায়আত করেন।

>

## ফুটনোট

[1] - তিরমিযী, অধ্যায়ঃ মানাকিবু উছমান। ইমাম তিরমিযী বলেনঃ হাদীছটি হাসান সহীহ।

[2] - তিরমিযী, অধ্যায়ঃ মানাকিবু উছমান। ইমাম তিরমিযী বলেনঃ হাদীছটি হাসান। ইমাম আলবানী (রঃ) হাদীছটি সহীহ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন